তারিখ ... 17 NOV ১৯৯৪
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

দৈনিক খবর

দৈনিক খবর

C43

# সিলেটে পরীক্ষা কেন্দ্রের আশেপাশে ১৪৪ ধারা জারি

সিলেট, ১৬ই নভেম্বর (খ, আ, মঞ্জু)।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে আজ থেকে সিলেটের ২টি কেন্দ্রে মোট ৩,৪৭৫ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছেন।

এ বছর মোট ৫৭টি কেন্দ্রে বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ১০৪টি কলেজ

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## সিলেটে

প্রথম পৃষ্ঠার পর

ও প্রাইভেট পরীক্ষার্থীসহ প্রায় ৪০ হাজার পরীক্ষার্থী অংশ নিচ্ছেন।

বৃহত্তর সিলেট জেলায় এবারে মাত্র ৫টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়। সিলেটে এম সি কলেজ ও সরকারী মহিলা কলেজে মোট পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে ৩,২৩৯। হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ সদরে একটি করে এবং সিলেট শহরের ২টি কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৫ হাজার। সিলেট এম সি কলেজ কেন্দ্রের আওতায় এম সি কলেজ ও সরকারী কলেজের মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩,৪৭৫। এই কেন্দ্রে মদনমোহন, বিয়ানীবাজার, এম সি কলেজ, সিলেট সরকারী কলেজ, ঢাকা দক্ষিণ কলেজ ও ফেঞ্চুগঞ্জ কলেজের পরীক্ষার্থীরা ছাড়াও ১,০৯৪ জন পরীক্ষার্থী রয়েছেন। সিলেট সরকারী মহিলা কলেজ কেন্দ্রে মোট ২৩৬ জন পরীক্ষার্থিনীর মধ্যে ৩৬ জন বহিরাগত পরীক্ষার্থিনী রয়েছেন। এ কেন্দ্রের সকল পরীক্ষার্থিনীই কলা বিভাগের। পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে শান্তি–শৃংখলা রক্ষার্থে ফৌজদারী দন্ডবিধির ১৪৪ ধারা জারি রাখা হয়।

উল্লেখ্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে গত বছর মোট ৮২টি পরীক্ষা কেন্দ্র ছিল। এ বছর ২৫টি বাতিল হয়ে যায়। বাতিলকৃত ২৫টির মধ্যে বৃহত্তর সিলেটের বিয়ানীবাজার, ঢাকা দক্ষিণ, ফেঞ্চুগঞ্জ, শায়েস্তাগঞ্জ, ছাতক, চুনারুঘাট, বানিয়াচং, শ্রীমঙ্গল, কুলাউড়া ও কমলগঞ্জ কেন্দ্র রয়েছে। আজকের প্রথম দিনের পরীক্ষা শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে সম্পন্ন হয়।